

L07 - Attaching a Zipper Bengali copy

এই ভিডিওতে আপনি জানবেন কিভাবে কাপড়ে জীপার লাগাতে হয় জীপার ফুট -এর সাহায্যে, যেটা আপনার সেলাই মেশিনের সঙ্গেই থাকে।

দু'টো সমান মাপের কাপড়ের টুকরো দিয়ে শুরু করুন, সেইসঙ্গে সমান দৈর্ঘ্যের জীপার আর বীড-লাগানো পিন।

কাপড়ের সাদা দিকটা হ'ল উল্টো পিঠ। আর মসৃণ লাল দিকটাই সঠিক দিক।

জীপার -টা নিলেই আপনি বুঝতে পারবেন ডানদিকটা হ'ল চেনসহ অংশ, আর পেছনের অংশটা চ্যাপ্টা। চেনটা नीচে টেনে জীপার -টা খুলুন, আর জীপ -এর ডানদিকটা কাপড়ের সঠিক দিকে মুখ ক'রে বসান। কাপড় আর জীপার -এর ধারের অংশ সাবধানে সমস্তরে রাখুন, তারপর বীড-লাগানো পিন দিয়ে গেঁথে নিন যাতে স্বস্থানেই থাকে।

জীপার ফুট -টা আটকানোর জন্যে সূঁচটা ওপরে তুলে জীপার ফুট আলাগা করুন, তার জন্যে জীপার ফুট লিভার -টা তুলে ক্ল্যাম -টা খুলে দিন। এবার জীপার ফুট -টা প্রেসের ফুট -এর नीচে সমান স্তরে বসান। তারপর প্রেসের ফুট লিভার -টা নামিয়ে জীপার ফুট আটকে দিন।

মেশিনটা চালু করুন আর জীপার ও কাপড়টা ফুট -এর ধার-বরাবর সমস্তরে রাখুন।

সেলাই শুরু করার আগে, প্যাটার্ন সিলেক্টর ডাইল -টা 'A' তে সেট করে নিন আর স্টিচ লেন্থ সিলেক্টর -টা রাখুন ৪-এ। এবারে জীপার -এর এই দিকটা সেলাই করতে শুরু করুন। তবে বীড-লাগানো পিনগুলো অব্ধি পৌঁছানোর আগে সেগুলো খুলে নিতে ভুলবেন না।

শেষ প্রান্তে পৌঁছলে প্রেসের ফুট -টা ওপরে তুলুন, তারপর কাপড়টা সরিয়ে নিয়ে সুতোগুলো কেটে দিন।

এবার আপনি জীপার-এর উল্টোদিকটা সেলাই করার জন্যে তৈরী।

কাপড়ের অন্য টুকরোর সঠিক দিকটা ওপরে রেখে জীপার-এর প্রান্তমুখের বাকি অংশের সঙ্গে সমস্তরে রাখুন। তারপর বীড-লাগানো পিন দিয়ে গেঁথে দিন।

এবার এটা জীপার ফুট -এর ধার-বরাবর বসিয়ে সেলাই শুরু করুন।

প্রান্তের কাছাকাছি পৌঁছলে প্রেসের ফুট -টা তুলুন, আর চেনটা ওপর অব্ধি টেনে জীপ-টা বন্ধ করে দিন।

শেষ পর্যন্ত সেলাই করতে থাকুন। সুঁচটা তুলে ফুট -টা উঠিয়ে নিন আর কাপড়টা বার ক'রে থ্রেড কাটার -এর সাহায্যে বাড়তি সুতো কেটে দিন।

এবারে জীপার -টা কাপড়ের সঙ্গে নিখুঁতভাবে জুড়ে গেছে!

বান! দেখুন তো, কেমন ছিমছাম দেখাচ্ছে!

রকমারি ডিজাইন ও রঙবেরঙের জীপ আর কাপড় দিয়ে নতুন-নতুন চেপ্টা চালান, আর নিজের সৃজনী ক্ষমতা কাজে লাগিয়ে নিজস্ব ডিজাইনের Zipper pouches বানান!

তাহলে হাত চালান... আর অভ্যেস করতে থাকুন যতক্ষণ না নিখুঁত হয়!